আলমডাঙ্গায় আওয়ামী লীগের অবরোধ কর্মসূচি ঘিরে ৭ নেতা- কর্মী গ্রেপ্তার

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের সাত নেতা-কর্মীকে গ্রেপ্তার করেছে থানা-পুলিশ।

মঙ্গলবার (১০ নভেম্বর) বেলা ১২টার দিকে উপজেলার ভাংবাড়িয়া বাজার এলাকার আলী প্রামাণিকের চায়ের দোকানে অভিযান চালিয়ে তাঁদের গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তার ব্যক্তিরা হলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের তথ্যবিষয়ক সম্পাদক ও সাবেক ভাংবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. কাউসার আহম্মেদ বাবলু (৫৫), ভাংবাড়িয়া ইউনিয়ন জাকের পার্টির সভাপতি মো. আসমত উল্লাহ (৪০), আওয়ামী লীগ নেতা মো. রেজাউল ইসলাম (৪২), মো. আমারত আলী (৩৭), মো. লালু (৪৫) ও মো. আজিজুল হক (৬৪)। এ ছাড়া গ্রেপ্তার হওয়া অপর একজনের নাম-পরিচয় জানা যায়নি।

পুলিশ জানায়, মঙ্গলবার বেলা ১২টার দিকে ভাংবাড়িয়া এলাকার আলী প্রামাণিকের চায়ের দোকানে আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের নেতা- কর্মীরা গোপন বৈঠক করছিলেন।

নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের ডাকা দেশব্যাপী সর্বাত্মক ধর্মঘটকে কেন্দ্র করে তাঁরা নাশকতার পরিকল্পনা করছিলেন বলে পুলিশের দাবি। গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে সেখান থেকে ছয়জনকে গ্রেপ্তার করা হয়। পরে আরও একজনকে গ্রেপ্তার করা হয় বলে জানানো হয়েছে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. রাকিবুল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে নাশকতামূলক পরিকল্পনার উদ্দেশ্যে গোপন বৈঠকের খবর পেয়ে পুলিশ চায়ের দোকানটিতে অভিযান চালায়। গ্রেপ্তার ব্যক্তিদের বিরুদ্ধে আগের মামলা রয়েছে। ওই মামলায় তাঁদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানোর প্রস্তুতি চলছে।